দৈনিক ইনকিলাব

48


তারিখ ... ... OCT 12 1999 ...
পৃঃ ১৩ কলাম ৪ ......


## এবতেদায়ী মাদ্রাসায় কিতাব সরবরাহের দাবী

বাংলাদেশ সরকার এ দেশে প্রাথমিক শিক্ষা বিস্তারে প্রথম শ্রেণী হতে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের পুস্তক দিয়ে থাকেন বিনা মূল্যে। তাই সঙ্গত কারণেই স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ছে। কিন্তু দেশের এবতেদায়ী মাদ্রাসাগুলোতে উল্লেখিত সুযোগ-সুবিধা অনুপস্থিত। ফলে এবতেদায়ী মাদ্রাসার ছাত্র সংখ্যা ক্রমেই হ্রাস পাচ্ছে। আর এ কারণেই দাখিল মাদ্রাসাগুলোতে ছাত্রাভাব প্রকট আকার ধারণ করছে।

এদিকে সরকার মাদ্রাসাসমূহে ছাত্র বৃদ্ধির তাগিদ দিচ্ছেন; অন্যদিকে ছাত্র বৃদ্ধির কোন ব্যবস্থাও নেবেন না, তা কেমন কথা?

তাই সরকারের প্রতি জোর দাবী, এবতেদায়ী মাদ্রাসাগুলোতে (প্রাথমিক বিদ্যালয়ের নিয়মে) 'মাদ্রাসার সিলেবাস' অনুযায়ী কিতাব-পত্র সরবরাহ করুন এবং অন্যান্য সুযোগ-সুবিধাও প্রদান করুন। তাতে মাদ্রাসার ছাত্র বৃদ্ধি পাবে। আর সরকারী আদেশ পালন করাও সম্ভব হবে।

এ প্রসঙ্গে একটি কথা বলা দরকার, তাহলো ইউনেস্কো কস্মিনকালেও মাদ্রাসায় কিতাব দেবে না, তবে এ ব্যাপারে সরকার নিজস্ব তহবিল হতে ব্যবস্থা নিতে পারেন কিংবা ইসলামী রাষ্ট্রগুলোর সাথে যোগাযোগ করতে পারেন। আশা করি সরকার এ ব্যাপারে তৎপর হবেন।

—মাওলানা নুরুন্নবী রহমানী
ইমাম, বায়তুল আমান, জামে মসজিদ, ফেনী।